

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkbb.gov.bd

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের Service Simplification Software সংক্রান্ত ১১/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. নাহিদ রশীদ, মহাপরিচালক (সচিব)
স্থান : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সভাকক্ষ, ঢাকা
সময় : ১১ সেপ্টেম্বর, ২০২২, বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রোগ্রামার কে সভার আলোচ্যবিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বর্তমানে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৬টি সেবা অনলাইনে চালু আছে। ৬টি সেবার জন্য ২টি সফটওয়্যার রয়েছে যাদের URL হচ্ছে <http://sss.bkbb.gov.bd> এবং eservice.bkbb.gov.bd। ২০২২-২৩ অর্থবছরে ৩টি সেবা অনলাইনে নেয়ার বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখ রয়েছে।

০২। তিনি জানান যে, এজন্য বোর্ডের সকল অনলাইন সেবা এক জায়গায় একটি Landing Page এ নিয়ে আসা প্রয়োজন যেন সেবাগ্রহীতাগণ একটি মাত্র আইডি ব্যবহার করে কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা গ্রহণ করতে পারেন। একইভাবে সেবা প্রদানের ক্ষেত্রে কল্যাণ বোর্ডের সকল ব্যবহারকারীগণ একটি ইউনিক আইডি ব্যবহার করে সফটওয়্যারে কাজ করতে পারে। এক্ষেত্রে বোর্ডের সেবা কার্যক্রম সংশ্লিষ্ট জনবলের পদবি অনুযায়ী প্রত্যেকের একটি ইউনিক আইডি থাকবে এবং তিনি সেই ইউনিক আইডি ব্যবহার করে এক বা একাধিক সেবার সফটওয়্যারে কাজ করতে পারবেন। এ লক্ষ্যে একটি Unique Registration System with HRM সিস্টেম প্রস্তুত করা যেতে পারে। এ বিষয়ে তিনি সভায় একটি প্রজেন্টেশন উপস্থাপন করেন।

০৩। তিনি আরও জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের 'Service Simplification Software' টি ১ নভেম্বর ২০২০ হতে ঢাকা মহানগরে এবং ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখ হতে বিভাগীয় পর্যায়ে চালু করা হয়েছে। এ সফটওয়্যারটি আরও সমন্বয়যোগ্য ও ব্যবহারবান্ধব করার লক্ষ্যে বিদ্যমান সফটওয়্যারটিতে কিছু সংশোধন এবং নতুন কিছু মডিউল/ফিচার উন্নয়ন করা প্রয়োজন। এ সংক্রান্ত একটি প্রস্তাবনা সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রস্তাবনার বিষয়ে বিভাগীয় কার্যালয়ের পরিচালকগণ তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, বিদ্যমান 'Service Simplification Software' টি পর্যালোচনাপূর্বক লিখিত মতামত প্রদান করতে পারেন। তিনি আরও জানান যে, এ বিষয়ে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের মতামতগুলো সমন্বয় করে চাহিদা সুনির্দিষ্ট করে সফটওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠানের মাধ্যমে তা উন্নয়ন করা যেতে পারে। এতে সকলেই একমত পোষণ করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা এক জায়গায় একটি Landing Page এ নিয়ে আসার জন্য Unique Registration System with HRM সিস্টেম উন্নয়নের জন্য একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত করতে হবে;	প্রধান কার্যালয়

নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.	'Service Simplification Software' এর সংশোধনের বিষয়ে বিভাগীয় কার্যালয় হতে ২০/০৯/২০২২ তারিখের মধ্যে সুনির্দিষ্ট চাহিদা প্রেরণ করতে হবে;	বিভাগীয় কার্যালয়সমূহ
৩.	'Service Simplification Software' এর সংশোধনের বিষয়ে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের মতামত/চাহিদাগুলো সমন্বয় করে চাহিদা সুনির্দিষ্ট করতে হবে;	কল্যাণ, যৌথবীমা ও দাফন অনুদান শাখা এবং আইটি শাখা
৪.	বোর্ডের সকল অনলাইন সেবা এক জায়গায় নিয়ে আসার জন্য Unique Registration System with HRM সিস্টেম উন্নয়নের পূর্ণাঙ্গ প্রস্তাব এবং 'Service Simplification Software' টি সংশোধনের সমন্বিত প্রস্তাব মহাপরিচালক (সচিব) মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে;	প্রধান কার্যালয়
৫.	মহাপরিচালক (সচিব) মহোদয় কর্তৃক অনুমোদিত প্রস্তাব অনুযায়ী সফটওয়্যার উন্নয়নপূর্বক সংযোজনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৪/০৯/২০২২
(ড. নাহিদ রশীদ)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোনঃ ৪৯৩৪৯৩২৩

নং ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯. ২২

তারিখ: ১৪/০৯/২০২২

১. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
২. উপপরিচালক (প্রশাসন)/(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী পরিচালক (প্রশাসন/কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা(কল্যাণ তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার ১ ও ২, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা(বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. পরিচালক(প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।

(আছফিয়া মেহবুবা)
প্রোগ্রামার
ফোন: ০২-২২২২২৬৮৩২